International Conference and 14th General Meeting-2022

LAB4IR

আন্তর্জাতিক কনফারেন্স ও ১৪ তম সাধারণ সভা-২০২২

বাংলাদেশ গ্রন্থাগার সমিতি
স্থাপিত-১৯৫৬
READ
ESTD-1956

বাংলাদেশ গ্রন্থাগার সমিতি

Pridesys IT
Different Innovation and Excellence

ISO 27001 Certified

ISO 9001:2015 Certified

8 YEARS OF INNOVATION

PridesysERP©

- PrideBook — Cloud ERP
- PrideBiz — Trading ERP
- PrideTex — RMG ERP
- PrideGov — Governance ERP
- PrideHealth — Hospital ERP
- PrideEDU — Education ERP
- PrideTELCO — Telco ERP
- PridePlan — AI- Based Production Planning
- PrideCut — AI- Based Fabric Planning Solution
- PrideVision — AI - Based Video Intelligent System
- PrideStudio — Make your own Dashboard
- PrideVAT — NBR Enlisted VAT Software
- PrideCRM — AI Based Sales Monitoring System
- PridePOS — Easy Sale
- PrideSupport — 24/7 Support System
- PrideHR — Professional HR System
- PrideBooking — Booking your Dream
- PrideHotel — Hotel Management Solution

Our Services

- Cyber Security
- Cloud Apps, Microservices & API
- Industrial Engineering
- Automation & AI
- Conversational Experiences
- Cognitive Business Operations
- Enterprise Applications
- Cloud Infrastructure
- Internet of Things (IoT)
- Analytics and Insights
- Enterprise Resource Planning (ERP)
- Consulting
- Quality Engineering
- Blockchain
- Cloud Computing
- Machine Learning
- Big Data

CONTACT US

Corporate Office: Level -6, 20/21 Garden Road, Kawran Bazar, Dhaka-1215, Bangladesh
Development Center: Level-11, Software Technology Park, Janata Tower, 49 Kawran Bazar C/A, Dhaka-1215, Bangladesh

+88 02 4481 0030-1
+880 1550 0000 03-8

www.pridesys.com
info@pridesys.com

International Conference and 14th General Meeting-2022

LAB4IR

4IR (4th Industrial Revolution/৪র্থ শিল্প বিপ্লব) হল কৃত্রিম বুদ্ধিমত্তা (AI), রোবোটিক্স, ইন্টারনেট অব থিংস (IOT), 3D প্রিন্টিং, জেনেটিক ইঞ্জিনিয়ারিং, কোয়ান্টাম কম্পিউটিং এবং আরও অনেক কিছু অগ্রগতির সংমিশ্রণ।

আন্তর্জাতিক কনফারেন্স ও ১৪তম সাধারণ সভা-২০২২

ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউটশন, বাংলাদেশ
১১-১২ ফেব্রুয়ারি ২০২২, সকাল ৯টা

বাংলাদেশ গ্রন্থাগার সমিতি
ল্যাব-ইলিস ভবন
৯৯/২, শ্যামলী হাউজিং (২য় প্রকল্প)
আদাবর-মোহাম্মদপুর, ঢাকা-১২০৭
ফোন: ০১৭১৩০২০২৬৬, ০১৭১৬১৫১৫৩৫, ০১৯১২১০৩৯৬৬, ০১৭১১০০৭১৬০
e-mail: mizan_alif68@yahoo.com, mhamidurrahman72@gmail.com
www.lab.org.bd

LAB4IR

ল্যাব কার্যনির্বহী পরিষদ (২০২১-২০২৩)-এর
আন্তর্জাতিক কনফারেন্স ও ১৪তম সাধারণ সভা-২০২২



প্রকাশকাল
ফেব্রুয়ারি ২০২২
ফাল্গুন ১৪২৮

গ্রন্থনা ও সম্পাদনায়
প্রফেসর ড. মো. নাসির উদ্দীন (মিতুল)
ড. এম. মিজানুর রহমান
মোহাম্মদ হামিদুর রহমান তুষার
মোহাম্মদ সাখাওয়াত হোসেন ভূঁইয়া
কাজী এমদাদ হোসেন
মো. নোমান হোসেন
মো. আনিসুর রহমান

প্রকাশনায়
প্রচার ও প্রকাশনা উপ-কমিটি
বাংলাদেশ গ্রন্থাগার সমিতি
ল্যাব-ইলিস ভবন
৯৯/২, শ্যামলী হাউজিং (২য় প্রকল্প)
আদাবর-মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

প্রচ্ছদ
কাজী এমদাদ হোসেন

গ্রাফিক্স
রাতুল আনোয়ার, কাজী আতিকুজ্জামান

মুদ্রণ
বর্ষা প্রাইভেট লিমিটেড
৮/৩, বাবুপুরা, নীলক্ষেত, ঢাকা-১২০৫
মোবাইল : ০১৭১১৫৪৪০১১



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
বাংলাদেশ

"এ স্বাধীনতা আমার ব্যর্থ হয়ে যাবে যদি আমার বাংলার মানুষ
পেট ভরে ভাত না খায়। এই স্বাধীনতা আমার পূর্ণ হবে না যদি বাংলার মা বোনেরা
কাপড় না পায়। এ স্বাধীনতা আমার পূর্ণ হবে না যদি এদেশের মানুষ
যারা আমার যুবক শ্রেণি আছে তারা চাকুরী না পায় বা কাজ না পায়।"

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

بسم الله الرحمن الرحيم

রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
বঙ্গভবন, ঢাকা।

২৮ মাঘ ১৪২৮
১১ ফেব্রুয়ারি ২০২২

বাণী

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে গ্রন্থাগার পেশাজীবীদের জাতীয় সংগঠন 'বাংলাদেশ গ্রন্থাগার সমিতি কর্তৃক' ১১ ও ১২ ফেব্রুয়ারি ২০২২ 'International Conference on the Role of LIS Professionals in the 4th Industrial Revolution' শীর্ষক আন্তর্জাতিক কনফারেন্স, গ্রন্থাগার পেশাজীবীদের মহাসম্মেলন ও সমিতির ১৪তম বার্ষিক সাধারণ সভা আয়োজনের উদ্যোগকে আমি স্বাগত জানাই।

মানব সভ্যতার ক্রমবিকাশ এবং জ্ঞানবিজ্ঞান ও মননশীলতা চর্চার ধারক ও বাহক হচ্ছে গ্রন্থাগার। গ্রন্থ ও গ্রন্থাগারের উপর ভিত্তি করেই মানব সভ্যতা আজ উন্নতির চরম শিখরে উপনীত হয়েছে। শিক্ষার গুণগত মানোন্নয়নের মাধ্যমে মানব সম্পদ উন্নয়ন এবং জ্ঞানভিত্তিক আলোকিত সমাজ গঠনে গ্রন্থাগার পেশাজীবীগণ গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছেন। বর্তমানে আধুনিক তথ্যপ্রযুক্তির সফল প্রয়োগ এ ক্ষেত্রে ভিন্নমাত্রা যোগ করেছে। আমি আশা করি, গতানুগতিক চিন্তাধারা থেকে বের হয়ে তথ্যপ্রযুক্তি ব্যবহারের মাধ্যমে তরুণ প্রজন্মকে গ্রন্থাগারমুখী করতে গ্রন্থাগার পেশাজীবীগণ উদ্যোগী হবেন।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণের জন্য প্রয়োজন একটি সুশিক্ষিত ও আধুনিক চিন্তা-চেতনায় সমৃদ্ধ জ্ঞানভিত্তিক জাতি। সরকার দেশের বিভিন্ন সরকারি ও বেসরকারি গ্রন্থাগারে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্নার স্থাপন করছে যা মহান মুক্তিযুদ্ধের ইতিহাস এবং জাতির পিতার জীবন ও কর্মকে শিশু-কিশোরদের মধ্যে ছড়িয়ে দিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আমি মনে করি। আমি আশা করি, গ্রন্থাগার সমিতি আয়োজিত আন্তর্জাতিক কনফারেন্সে গ্রন্থাগার ব্যবস্থাপনার আধুনিক কলাকৌশল সম্পর্কে বিস্তারিত আলোচনা হবে এবং গ্রন্থাগার পেশাজীবীগণ কনফারেন্সে লব্ধ জ্ঞানের সঠিক ব্যবহারের মাধ্যমে দেশের গ্রন্থাগারগুলোকে জ্ঞানার্জনের কেন্দ্রে পরিণত করতে সক্ষম হবেন।

আমি বাংলাদেশ গ্রন্থাগার সমিতি আয়োজিত আন্তর্জাতিক কনফারেন্স, গ্রন্থাগার পেশাজীবীদের মহাসম্মেলন ও সমিতির ১৪তম বার্ষিক সাধারণ সভার সার্বিক সফলতা কামনা করছি।

জয় বাংলা।
খোদা হাফেজ, বাংলাদেশ চিরজীবী হোক।

মোঃ আবুদল হামিদ

بسم الله الرحمن الرحيم

প্রধানমন্ত্রী

মুজিব শতবর্ষ MUJIB 100

প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২৮ মাঘ ১৪২৮
১১ ফেব্রুয়ারি ২০২২

বাণী

বাংলাদেশ গ্রন্থাগার সমিতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে 'International Conference on the Role of LIS Professionals in the 4th Industrial Revolution' শীর্ষক আন্তর্জাতিক কনফারেন্স, গ্রন্থাগার পেশাজীবীদের মহাসম্মেলন ও সমিতির ১৪তম বার্ষিক সাধারণ সভা আয়োজন করেছে জেনে আমি আনন্দিত।

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বাধীনতার পর দেশের প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা এবং প্রথম শিক্ষা কমিশন রিপোর্টে দেশের গ্রন্থাগার ব্যবস্থার সম্প্রসারণ ও উন্নয়নের উপর বিশেষ গুরুত্বারোপ করেন। এরই ধারাবাহিকতায় আমরা গ্রন্থাগারকে যে কোন জাতির উন্নয়নের একটা প্রধান সূচক হিসেবে বিবেচনা করি। আজকের দিনে তথ্যকে উন্নয়নের কাঁচামাল হিসেবে বিবেচনা করা হয়ে থাকে। যে কোন উন্নয়ন প্রকল্প সঠিক তথ্য নির্ভর না হলে তার সুফল পাওয়া যায় না। আমাদের সরকার মনে করে শিক্ষার গুনগত মানন্নোয়ন এবং দেশের সার্বিক উন্নয়নের সঙ্গে গ্রন্থাগার ব্যবস্থার উন্নয়নের বিষয়টি অঙ্গাঙ্গিভাবে জড়িত। এ কারণে তৃণমূল পর্যায় থেকে গ্রন্থাগারভিত্তিক শিক্ষা ব্যবস্থা প্রবর্তনের মাধ্যমে শিক্ষার গুনগত মানন্নোয়নের লক্ষ্যে ২০১০ সালে মাধ্যমিক বিদ্যালয় পর্যায়ে গ্রন্থাগার পেশাজীবীর পদ সৃষ্টি করা হয়েছে।

আমি আশা করি, বাংলাদেশ গ্রন্থাগার সমিতি কর্তৃক আয়োজিত আন্তর্জাতিক কনফারেন্সে দেশি-বিদেশি গ্রন্থাগার পেশাজীবীগণ পারস্পরিক মতবিনিময়ের মাধ্যমে নিজেদেরকে আরও সমৃদ্ধ করার সুযোগ পাবেন। একই সঙ্গে চতুর্থ শিল্প বিপ্লব মোকাবিলায় গ্রন্থাগার পেশাজীবীদের ভূমিকা সম্পর্কে কার্যকর দিকনির্দেশনা প্রদান করবে এবং প্রযুক্তির সহজলভ্যতায় তা দেশের সামগ্রীক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আমি বিশ্বাস করি।

আমি বাংলাদেশ গ্রন্থাগার সমিতি কর্তৃক আয়োজিত সকল কর্মসূচির সার্বিক সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

শেখ হাসিনা

জনাব আ. ক. ম. মোজাম্মেল হক এম.পি.
মন্ত্রী
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

জাতির পিতা **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী** ও **বাংলাদেশের মহান স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী** উদ্‌যাপন উপলক্ষে দেশের গ্রন্থাগার পেশাজীবীদের জাতীয় সংগঠন বাংলাদেশ গ্রন্থাগার সমিতি আগামী ১১ ও ১২ ফেব্রুয়ারি ২০২২ **"International Conference on the Role of LIS Professionals in the 4th Industrial Revolution"** শীর্ষক আন্তর্জাতিক কনফারেন্স, গ্রন্থাগার পেশাজীবীদের মহাসম্মেলন ও সমিতির ১৪তম বার্ষিক সাধারণ সভা আয়োজন ও এ উপলক্ষে একটি স্মরণিকা প্রকাশ করার কর্মসূচি গ্রহণ করেছে জেনে আমি অত্যন্ত আনন্দিত।

স্বাধীনতার প্রকৃত ফল পেতে এবং দেশের উত্তরোত্তর অগ্রগতির ধারা অব্যাহত রাখতে এদেশের বিপুল পরিমাণ জনসংখ্যাকে জনসম্পদ তথা জনশক্তিতে রুপান্তরের ক্ষেত্রে বাস্তব ও কর্মমূখী শিক্ষার কোন বিকল্প নেই। এক্ষেত্রে দেশের প্রতিটি গ্রন্থাগারের ভূমিকা অধিকতর গুরুত্বপূর্ণ, যা অনস্বীকার্য। শিক্ষার গুণগতমান নিশ্চিতকল্পে গ্রন্থাগার ভিত্তিক শিক্ষা অন্যতম গুরুত্বপূর্ণ দিক। এ কারণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর একনিষ্ঠ চেষ্টায় শিক্ষাক্ষেত্রে শিক্ষা বিষয়ক বিভিন্ন রিপোর্টে সকল স্তরের শিক্ষা প্রতিষ্ঠানে কার্যকর গ্রন্থাগার সেবার সুযোগ সৃষ্টির উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছিল। জাতির পিতার রক্তের ও আদর্শের উত্তরাধিকার মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার সরকার শিক্ষার্থীদের মহান মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধু বিষয়ে বিস্তারিত ইতিহাস ও ঐতিহ্য জানার সুযোগ সৃষ্টির লক্ষ্যে দেশের প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে "বঙ্গবন্ধু কর্ণার" স্থাপনের উদ্যোগ গ্রহণ করেছে যা ইতোমধ্যে অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠান ও গ্রন্থাগারসমূহে স্থাপিত হয়েছে। দেশের সকল পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে গ্রন্থাগার কেন্দ্রিক মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধু বিষয়ে শিক্ষা, গবেষণা ও জ্ঞান আহরণের পরিবেশ সৃষ্টির মাধ্যমেই শিশু-কিশোর থেকে শুরু করে সকল স্তরের শিক্ষার্থীদের মধ্যে পাঠাভ্যাস, জ্ঞান ও মননশীলতা চর্চার সুযোগ সৃষ্টির মধ্য দিয়েই জ্ঞান ও তথ্য সমৃদ্ধ সমাজ গড়ে উঠতে পারে।

বাংলাদেশ গ্রন্থাগার সমিতির উদ্যোগে আন্তর্জাতিক কনফারেন্স, গ্রন্থাগার পেশাজীবীদের মহাসম্মেলন ও সমিতির ১৪তম বার্ষিক সাধারণ সভার মতো এ ধরনের গুরুত্বপূর্ণ আয়োজনের মাধ্যমে সংশ্লিষ্ট সার্বিক বিষয় বাস্তবায়নের পথ-পরিক্রমা আরও সুদৃঢ় হবে বলে আমি মনে প্রাণে বিশ্বাস করি।

আমি বাংলাদেশ গ্রন্থাগার সমিতি কর্তৃক আয়োজিত সকল কর্মসূচির উত্তরোত্তর সাফল্য ও দেশের গ্রন্থাগার পেশাজীবীদের উজ্জ্বল ভবিষ্যত কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

জনাব আ. ক. ম. মোজাম্মেল হক এম.পি.

ডা. দীপু মনি এম.পি.
মন্ত্রী
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

বাংলাদেশ গ্রন্থাগার সমিতি কর্তৃক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী পালন ও বাংলাদেশের মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ২০২১ উদ্‌যাপন উপলক্ষে আগামী ১১ ও ১২ ফেব্রুয়ারি ২০২২ "International Conference on the Role of LIS Professionals in the 4th Industrial Revolution" শীর্ষক আন্তর্জাতিক কনফারেন্স, গ্রন্থাগার পেশাজীবীদের মহাসম্মেলন ও সমিতির ১৪তম সাধারণ সভা আয়োজন উপলক্ষে একটি স্মরণিকা প্রকাশ করার কর্মসূচি গ্রহণ করা হয়েছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। এ উপলক্ষে সমিতির সদস্যদেরকে আমি আন্তরিক শুভেচ্ছা জানাচ্ছি।

অজ্ঞতার অন্ধকার থেকে মুক্তির লক্ষ্যে গ্রন্থাগার হচ্ছে জাতির জন্য আলোকবর্তিকাস্বরূপ। জ্ঞান চর্চার কেন্দ্র হিসেবে গ্রন্থাগারের সার্বিক উন্নয়নে এবং এর সেবা কার্যক্রমকে সমৃদ্ধকরণে বর্তমান সরকার বিশেষ গুরুত্ব দিয়ে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে। জাতির শিক্ষা ব্যবস্থাকে উন্নত করা ও তা সমুন্নত রাখতে মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে ইতোমধ্যেই যে ২৭,৫০০ গ্রন্থাগার পেশাজীবীদের পদ সৃজন করা হয়েছে তা গ্রন্থাগারের গুরুত্বকেই তুলে ধরে।

চতুর্থ শিল্প বিপ্লব (4IR) পূর্ববর্তী শিল্প বিপ্লবগুলো থেকে আলাদা। কৃত্রিম বুদ্ধিমত্তা (AI), ব্লক চেইন, ইন্টারনেট অফ থিংস (IoT) এবং ড্রোনের মতো উদীয়মান প্রযুক্তিগুলো 4IR যুগের বৈশিষ্টগুলোকে চিহ্নিত করে। সর্বোপরি ডিজিটাল, ফিজিক্যাল, বায়োলোজিক্যাল সিস্টেমের এক অপূর্ব সমন্বয় হলো চতুর্থ শিল্প বিপ্লব (4IR)।

মাননীয় প্রধানমন্ত্রী চতুর্থ শিল্প বিপ্লবের তিনটি বিষয়কে গুরুত্ব দিয়েছেন। অত্যাধুনিক প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে শিল্পের বিকাশ, দক্ষ জনশক্তি তৈরী এবং পরিবেশ সুরক্ষা। চতুর্থ শিল্প বিপ্লবের দ্বারপ্রান্তে বাংলাদেশ। চতুর্থ শিল্প বিপ্লবে এত পরিবর্তন হবে যা কল্পনাতীত। এই পরিবর্তনের সাথে বর্তমান প্রজন্মকে খাপ খাইয়ে নিতে প্রস্তুত করতে হবে।

চতুর্থ শিল্প বিপ্লবের জন্য দক্ষ জনশক্তি অত্যন্ত জরুরী। চতুর্থ শিল্প বিপ্লবকে ফলপ্রসূ করতে ডিজিটালাইজেশনের বিকল্প নেই। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ ইতোমধ্যে ডিজিটাল বাংলাদেশের খেতাব অর্জন করতে সক্ষম হয়েছে। আজকের শিশুদের চতুর্থ শিল্প বিপ্লবের সফল অংশীদার হতে হলে প্রযুক্তিবান্ধব ও দক্ষ হতে হবে।

চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলার মাধ্যমে একটি উন্নত ও আধুনিক ডিজিটাল বাংলাদেশ গড়তে তথ্যপ্রযুক্তিই সবচেয়ে বড় অনুঘটক। সরকারের শিক্ষা সম্পসারণ ও ডিজিটাল বাংলাদেশের রূপকল্প বাস্তবায়নে গ্রন্থাগার পেশাজীবীদের কর্মদক্ষতা ও লব্ধ জ্ঞান সহযোগী ভুমিকা রাখতে যথেষ্ঠ সক্ষম বলে আমি বিশ্বাস করি।

বাংলাদেশ গ্রন্থাগার সমিতি কর্তৃক আয়োজিত আন্তর্জাতিক কনফারেন্স, পেশাজীবীদের মহাসম্মেলন ও ১৪তম সাধারণ সভার আমি সার্বিক সাফল্য কামনা করছি।

ডা. দীপু মনি এম.পি.

নূরুল মজিদ মাহমুদ হুমায়ুন, এম.পি.
মন্ত্রী
শিল্প মন্ত্রনালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী ও বাংলাদেশের মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ২০২১ উদযাপন উপলক্ষে বাংলাদেশ গ্রন্থাগার সমিতি কর্তৃক আয়োজিত আগামী ১১ ও ১২ ফেব্রুয়ারি ২০২২ "International Conference on the Role of LIS Professionals in the 4th Industrial Revolution" শীর্ষক আন্তর্জাতিক কনফারেন্স, গ্রন্থাগার পেশাজীবীদের মহাসম্মেলন ও সমিতির ১৪তম সাধারণ সভা আয়োজন করছে। এ উপলক্ষ্যে একটি স্মরণিকা প্রকাশ করার কর্মসূচী গ্রহন করা হয়েছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। এ আয়োজনে সমিতি সংশ্লিষ্ট সকল সদস্যকে আমি আন্তরিক শুভেচ্ছা জানাচ্ছি।

সভ্যতার ঊষালগ্ন থেকে অদ্যাবধি জ্ঞানের সেবা প্রদানকারী সামাজিক সংগঠন হিসেবে জাতিকে অজ্ঞতার অন্ধকার থেকে মুক্তির লক্ষ্যে গ্রন্থাগার আলোকবর্তিকাস্বরূপ। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন গ্রন্থাগার বান্ধব বর্তমান সরকার গ্রন্থাগারের সার্বিক উন্নয়নে বিশেষ গুরুত্ব দিয়ে বিভিন্ন কর্মসূচী গ্রহন করেছে। উল্লেখযোগ্য কর্মসূচি হিসেবে বর্তমান সরকার ইতোমধ্যেই গ্রন্থাগার পেশাজীবীদের জন্য মাধ্যমিক বিদ্যালয়গুলোতে ২৭,৫০০ পদ সৃজন করা হয়েছে।

চতুর্থ শিল্প বিপ্লব বা স্মার্ট ফ্যাক্টরি বা ইন্ড্রাস্ট্রি ৪.০ হলো আধুনিক স্মার্ট প্রযুক্তি ব্যবহার করে প্রচলিত উৎপাদন এবং শিল্প ব্যবস্থার স্বয়ংক্রিয়করণের একটি চলমান প্রক্রিয়া। চতুর্থ শিল্প বিপ্লবের চারটি নীতির মধ্যে প্রথম নীতি হচ্ছে আন্তঃসংযোগ হিসেবে মেশিন, ডিভাইস, সেন্সর, ইন্টারনেট অব থিংস (IoT), ইন্টারনেট অব পিউপল (IoP)। দ্বিতীয় নীতি হচ্ছে তথ্যের স্বচ্ছতা। তৃতীয় নীতি হচ্ছে প্রযুক্তিগত সহায়তা এবং চতুর্থ নীতি হচ্ছে বিকেন্দ্রীভূত সিদ্ধান্ত। সংক্ষেপে, চতুর্থ শিল্প বিপ্লব হলো উৎপাদন পদ্ধতিতে এবং প্রযুক্তিতে স্বয়ংক্রিয়করণ এবং তথ্য আদান-প্রদানের প্রচলন। যার মধ্যে সাইবার ফিজিক্যাল সিস্টেম (CPS), ইন্টারনেট অব থিংস (IoT), ইন্ডাস্ট্রিয়াল ইন্টারনেট অফ থিংস, ক্লাউড কম্পিউটিং, কগনিটিভ কম্পিউটিং এবং কৃত্রিম বুদ্ধিমত্তা প্রযুক্তিগুলো অন্তর্ভূক্ত।

চতুর্থ শিল্প বিপ্লবকে ফলপ্রসু করতে ডিজিটাইজেশনের বিকল্প নেই। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ ইতোমধ্যেই ডিজিটাল বাংলাদেশ খেতাবে ভূষিত হয়েছে। সরকারের শিক্ষা সম্প্রসারণ ও ডিজিটাল রূপকল্প বাস্তবায়নে গ্রন্থাগার ও তথ্য পেশাজীবীদের কর্মদক্ষতা ও লব্দ জ্ঞান সহযোগী ভূমিকা রাখতে যথেষ্ট সক্ষম বলে আমি বিশ্বাস করি।

পরিশেষে, বাংলাদেশ গ্রন্থাগার সমিতি কর্তৃক আয়োজিত আন্তর্জাতিক কনফারেন্স, পেশাজীবীদের মহাসম্মেলন ও ১৪তম সাধারণ সভার আমি সার্বিক সাফল্য কামনা করছি।

নূরুল মজিদ মাহমুদ হুমায়ুন, এম.পি.

মোঃ জাকির হোসেন, এম.পি.
প্রতিমন্ত্রী
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও বাংলাদেশের মহান স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপন উপলক্ষে "বাংলাদেশ গ্রন্থাগার সমিতি" ১১ ও ১২ ফেব্রুয়ারি ২০২২ "International Conference on the Role of LIS Professionals in the 4th Industrial Revolution" শীর্ষক আন্তর্জাতিক কনফারেন্স, গ্রন্থাগার পেশাজীবীদের মহাসম্মেলন ও সমিতির ১৪তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষে একটি স্মরণিকা প্রকাশ করছে জেনে আমি আনন্দিত।

চতুর্থ শিল্প বিপ্লব হচ্ছে আধুনিক স্মার্ট প্রযুক্তি ব্যবহার করে প্রচলিত উৎপাদন এবং শিল্প ব্যবস্থার স্বয়ংক্রিয়করণের একটি চলমান প্রক্রিয়া। ৪র্থ শিল্প বিপ্লবের সুযোগকে কাজে লাগাতে হলে আমাদের প্রধানতম লক্ষ্য হতে হবে ৪র্থ শিল্প বিপ্লবের উপযোগী সুদক্ষ মানবসম্পদ সৃষ্টি, আর এজন্য প্রয়োজন হবে শিক্ষা ব্যবস্থার আমূল পরিবর্তন করে জ্ঞানভিত্তিক সমাজ প্রতিষ্ঠার। জ্ঞানভিত্তিক এই শিল্প বিপ্লবে প্রাকৃতিক সম্পদের চেয়ে দক্ষ মানবসম্পদই হবে বেশি মূল্যবান।

গ্রন্থাগার একটি সামাজিক প্রতিষ্ঠান যা সমাজ ও সংস্কৃতির জন্য আবশ্যক। গ্রন্থাগার সংস্কৃতির ধারাবাহিকতাকে সুনিশ্চিত করে এবং বিভিন্ন যুগের সংস্কৃতির মধ্যে এক যোগসূত্র রচনা করে। ১ম, ২য় ও ৩য় শিল্প বিপ্লবের সাথে ৪র্থ শিল্প বিপ্লবের যোগসূত্র তৈরীতে গ্রন্থাগারের ভূমিকা রাখার সুযোগ রয়েছে। আমি মনে করি "বাংলাদেশ গ্রন্থাগার সমিতি" কর্তৃক আয়োজিত "International Conference on the Role of LIS Professionals in the 4th Industrial Revolution" শীর্ষক আন্তর্জাতিক কনফারেন্স থেকে প্রাপ্ত সুপারিশসমূহ চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলা করতে শিক্ষা ব্যবস্থার আমূল পরিবর্তন ও জ্ঞানভিত্তিক সমাজ প্রতিষ্ঠায় আমাদেরকে সহায়তা করবে।

আমি বাংলাদেশ গ্রন্থাগার সমিতি কর্তৃক আয়াজিত সকল আয়াজনের সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু। বাংলাদেশ চিরজীবী হোক।

মোঃ জাকির হোসেন, এম.পি.

কে এম খালিদ, এম.পি.
প্রতিমন্ত্রী
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন উপলক্ষ্যে দেশের গ্রন্থাগার পেশাজীবীদের জাতীয় সংগঠন 'বাংলাদেশ গ্রন্থাগার সমিতি' আগামী ১১ ও ১২ ফেব্রুয়ারি ২০২২ **'International Conference on the Role of LIS Professionals in the 4th Industrial Revolution'** শীর্ষক আন্তর্জাতিক কনফারেন্স, গ্রন্থাগার পেশাজীবীদের মহাসম্মেলন ও সমিতির ১৪তম বার্ষিক সাধারণ সভা আয়োজন উপলক্ষ্যে একটি স্মরণিকা প্রকাশ করছে জেনে আমি আনন্দিত।

গ্রন্থের আধার হিসেবে গ্রন্থাগার হচ্ছে একটি জাতির দিশারি। জ্ঞানমনস্ক আলোকিত জাতি গঠনকল্পে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৫৪ সালে যুক্তফ্রন্ট সরকারের মন্ত্রিসভার সদস্য থাকাকালে ৫ ফেব্রুয়ারি কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরির ভিত্তিপ্রস্তর স্থাপিত হয়। তাছাড়া ১৯৭৩ সালে গৃহীত প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনায় বঙ্গবন্ধু গ্রন্থাগারের উন্নয়নে দুই কোটি পঞ্চাশ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করেন। বই ও গ্রন্থাগারের প্রতি ভালোবাসার এ এক উজ্জ্বল দৃষ্টান্ত।

শিশু-কিশোর থেকে শুরু করে সর্বস্তরের জনগণকে জ্ঞানমনস্ক ও বইমুখী করে গড়ে তুলতে গ্রন্থাগারের কোনো বিকল্প নেই। তাছাড়া সকল শ্রেণির পেশাজীবী এবং প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করে সমাজ ও দেশের উন্নয়নে গ্রন্থাগার ও তথ্য কেন্দ্রসমূহ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। অধিকন্তু বিশ্বব্যাপী গণগ্রন্থাগার সাংস্কৃতিক কেন্দ্র হিসেবে পরিগণিত। সংস্কৃতি চর্চা ও বিকাশের মাধ্যমে একটি সুষ্ঠু ও উন্নত সামাজিক অবকাঠামো বিনির্মাণে গণগ্রন্থাগার কার্যকর ভূমিকা রাখতে পারে। আর সেই লক্ষ্যে বর্তমান সরকার এদেশের গণগ্রন্থাগারের যুগোপযোগী উন্নয়নে বিভিন্ন পদক্ষেপ ও কার্যক্রমের সফল বাস্তবায়ন করে যাচ্ছে।

বাংলাদেশ গ্রন্থাগার সমিতি কর্তৃক আয়োজিত আন্তর্জাতিক কনফারেন্স ও গ্রন্থাগার পেশাজীবীদের মহাসম্মেলন থেকে গুরুত্বপূর্ণ দিক্‌নির্দেশনা ও সুপারিশমালা বেরিয়ে আসবে মর্মে আমি মনে করি। এ সকল সুপারিশ ক্ষেত্রটির উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখবে বলে আমার বিশ্বাস।

আমি বাংলাদেশ গ্রন্থাগার সমিতি কর্তৃক আয়োজিত সকল কর্মসূচির সার্বিক সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

কে এম খালিদ এমপি

মহিবুল হাসান চৌধুরী, এম.পি.
উপমন্ত্রী
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী পালন ও বাংলাদেশের মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ২০২১ উদ্‌যাপন উপলক্ষ্যে আগামী ১১ ও ১২ ফেব্রুয়ারি ২০২২ "International Conference on the Role of LIS Professionals in the 4th Industrial Revolution" শীর্ষক আন্তর্জাতিক কনফারেন্স, গ্রন্থাগার পেশাজীবীদের মহাসম্মেলন ও সমিতির ১৪তম সাধারণ সভা আয়োজন ও এ উপলক্ষ্যে একটি স্মরণিকা প্রকাশ করায় আমি অত্যন্ত আনন্দিত। সেজন্য আমি সকলকে জানাই সাধুবাদ।

গ্রন্থাগার মানব সভ্যতার ধারক ও বাহক। আদিকাল থেকে গ্রন্থাগার সমাজের জ্ঞান বিস্তারে কাজ করে আসছে। কিন্তু আজ গ্রন্থাগার স্বরূপ পরিবর্তিত হয়েছে এবং কার্যক্রম ও সেবার ধরনেরও আমুল পরিবর্তন লক্ষণীয়। এরই ধারাবাহিকতায় গ্রন্থাগার ও পেশাজীবীদের পরবর্তী প্রজন্মের লাইব্রেরির সাথে নিজেকে খাপ খাইয়ে নিতে হবে। সেজন্য অদ্যকার চতুর্থ শিল্প বিপ্লব মোকাবেলায় গ্রন্থাগার পেশাজীবীদের ভূমিকা শীর্ষক আন্তর্জাতিক কনফারেন্স তাৎপর্যপূর্ণ।

ব্যাপক গবেষণা, চৌকষ পরিকল্পনা এবং সময়োপযোগী বাস্তবায়নের মাধ্যমে চতুর্থ শিল্প বিপ্লবের সুফল উপভোগ করা যেতে পারে। চতুর্থ শিল্প বিপ্লব (৪ওজ) সংশ্লিষ্ট নীতিনির্ধারক, উদ্যোক্তা, উদ্ভাবক, শিল্প এবং একাডেমিয়ার মধ্যে আলোচনা সভা, দেশীয় ও আন্তর্জাতিক বিভিন্ন সেমিনার, কনফারেন্স আমাদের প্রযুক্তিগত পরিত্রাণের মূল এবং প্রথম পদক্ষেপ।

যে কোন সংগঠনের প্রাণ হলো সাধারণ সদস্য। সাধারণ সদস্যদের কাছে জবাবদিহিতার অন্যতম মাধ্যম সাধারণ সভা। বর্তমান কার্যকর পরিষদে গত ৬ ফেব্রুয়ারি ২০২১ তারিখে তাদের অভিষেক এবং জাতীয় গ্রন্থাগার দিবস-২০২১ উদ্‌যাপন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে আমাকে আমন্ত্রণ জানিয়ে কিছু দাবী উপস্থাপন করেছিলেন। যা ইতোমধ্যে বাস্তবায়িত হয়েছে। আশা করি তাঁরা নতুন পদ ও পদ মর্যাদায় নতুন কর্মস্পৃহা নিয়ে নিজেদের দায়িত্বে নিত্য নতুন প্রযুক্তির প্রয়োগ ঘটিয়ে উন্নত বাংলাদেশ গড়ায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবেন।

বাংলাদেশ গ্রন্থাগার সমিতি কর্তৃক আয়োজিত আন্তর্জাতিক কনফারেন্স, পেশাজীবীদের মহাসম্মেলন ও ল্যাবের ১৪তম সাধারণ সভার আমি সার্বিক সফলতা কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরঞ্জিব চিরস্থায়ী।

মহিবুল হাসান চৌধুরী, এম.পি.

মোঃ আবু বকর ছিদ্দীক
সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

বাংলাদেশ গ্রন্থাগার সমিতি আগামী ১১ ও ১২ ফেব্রুয়ারি ২০২২ **"International Conference on the Role of LIS Professionals in the 4th Industrial Revolution"** শীর্ষক আন্তর্জাতিক কনফারেন্স, গ্রন্থাগার পেশাজীবীদের মহাসম্মেলন ও সমিতির ১৪তম সাধারণ সভা আয়োজন করেছে। এ উপলক্ষে সমিতি একটি স্মরণিকা প্রকাশ করার উদ্যোগ গ্রহণ করেছে জেনে আমি আনন্দিত।

যে কোন দেশ ও জাতির উন্নয়নে গ্রন্থাগারের ভূমিকা অতি গুরুত্বপূর্ণ। দেশের ইতিহাস, ঐতিহ্য, কৃষ্টি ও সংস্কৃতি সম্পর্কে জানা এবং গ্রন্থপাঠের মাধ্যমে নির্মল চিত্ত বিনোদনের জন্য গ্রন্থাগারের প্রসার ও ব্যবহারের কোন বিকল্প নেই। শিশু কিশোর থেকে শুরু করে সমাজের প্রতিটি শ্রেণী ও পেশার মানুষ গ্রন্থাগার ব্যবহারের মাধ্যমে নিজেকে জ্ঞান ও তথ্য সমৃদ্ধ করতে পারেন। গ্রন্থাগার শুধু জ্ঞান মননশীলতা চর্চার স্থানই শুধু নয়, বরং দেশ ও জাতির সার্বিক অর্থনৈতিক উন্নয়নে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করে উন্নয়ন কর্মকাণ্ডেও গ্রন্থাগার বিশেষ ভূমিকা পালন করে চলেছে।

আমি বাংলাদেশ গ্রন্থাগার সমিতি কর্তৃক আয়োজিত সকল কর্মসূচির সার্বিক সফলতা কামনা করছি।

মোঃ আবু বকর ছিদ্দীক

মোঃ আবুবকর সিদ্দিক
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
গণগ্রন্থাগার অধিদপ্তর

বাণী

দেশের গ্রন্থাগার পেশাজীবীদের জাতীয় সংগঠন বাংলাদেশ গ্রন্থাগার সমিতি কর্তৃক জাতির জনক **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী** পালন ও **মহান স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী** ২০২১ উদ্‌যাপন উপলক্ষে আগামী ১১ ও ১২ ফেব্রুয়ারি ২০২২ **"International Conference on the Role of LIS Professionals in the 4th Industrial Revolution"** শীর্ষক আন্তর্জাতিক কনফারেন্স, গ্রন্থাগার পেশাজীবীদের মহাসম্মেলন ও সমিতির ১৪তম বার্ষিক সাধারণ সভা আয়োজন ও এ উপলক্ষে একটি স্মরণিকা প্রকাশ করার কর্মসূচি গ্রহণ করা হয়েছে জেনে আমি আনন্দিত।

মানব সভ্যতার অগ্রযাত্রায় গ্রন্থ ও গ্রন্থাগারের ভূমিকা অতি গুরুত্বপূর্ণ। যুগে যুগে মানুষ তার জ্ঞান ও অভিজ্ঞতার কথা পরবর্তী প্রজন্মের জন্য গ্রন্থের মধ্যে গ্রথিত করে রেখে গিয়েছেন। এগুলোকে নিয়েই গ্রন্থাগারের জন্ম। নতুন প্রজন্ম গ্রন্থ ও গ্রন্থাগারের মাধ্যমে তাদের পূর্বসূরীদের জ্ঞান ও অভিজ্ঞতার আলোকে আলোকিত হয়ে নতুন নতুন আবিস্কারে উদ্বুদ্ধ হয়ে সভ্যতাকে এগিয়ে নিয়ে চলেছেন। এভাবেই আজকের এই আধুনিক সভ্যতার সৃষ্টি হয়েছে। এ প্রেক্ষাপটে যে কোন দেশ ও জাতির উন্নয়নের একটা প্রধান প্রতিষ্ঠান গ্রন্থাগার। অপরদিকে, গণগ্রন্থাগারকে বলা হয়ে থাকে **জনগণের বিশ্ববিদ্যালয়**। শিশু-কিশোর থেকে শুরু করে সর্বস্তরের মানুষ নিজেদেরকে সুশিক্ষিত ও স্বশিক্ষিত করতে পারেন। এ কারণে জাতির জনকের সুযোগ্য কন্যা শেখ হাসিনার নেতৃত্বাধীন বর্তমান সরকার গণগ্রন্থাগার ব্যবস্থার সম্প্রসারণ ও উন্নয়নের এক যুগান্তকারী কর্মসূচি গ্রহণ করেছে। এগুলোর মধ্যে রয়েছে অনলাইনে গণগ্রন্থাগারসমূহের ব্যবস্থাপনা ও উন্নয়ন, গণগ্রন্থাগার অধিদপ্তরে বহুতল ভবন নির্মাণ, চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট ও সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন, দেশব্যাপী ভ্রাম্যমাণ লাইব্রেরি পরিচালনা, দেশের লাইব্রেরিসমূহে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্ণার স্থাপন, সরকারি গণগ্রন্থাগারসমূহে অনলাইন সেবা কার্যক্রম সম্প্রসারণ ইত্যাদি। এ সকল কর্মসূচি/প্রকল্প বাস্তবায়নের মধ্যে দিয়ে দেশে একটি সুষ্ঠু সামাজিক অবকাঠামো গড়ে উঠবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি। বাংলাদেশ গ্রন্থাগার সমিতি কর্তৃক আয়োজিত আন্তর্জাতিক কনফারেন্স ও গ্রন্থাগার পেশাজীবীদের মহাসম্মেলন থেকে যে সকল দিক নির্দেশনা ও সুপারিশ বেরিয়ে আসবে তা দেশের সামাজিক অবকাঠামো উন্নয়নের পাশাপাশি দেশের অর্থনৈতিক উন্নয়ন বিশেষ করে চতুর্থ শিল্প বিপ্লবের লক্ষ্য বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আমি মনে করি।

আমি বাংলাদেশ গ্রন্থাগার সমিতি কর্তৃক আয়োজিত সকল কর্মসূচির সার্বিক সাফল্য কামনা করছি।

জয় বাংলা
জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

মোঃ আবুবকর সিদ্দিক

হাবিবুর রহমান
মহাপরিচালক
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ২০২১ উদযাপন উপলক্ষে আগামী ১১ ও ১২ ফেব্রুয়ারি ২০২২ "International Conference on the Role of LIS Professionals in the 4th Industrial Revolution" শীর্ষক আন্তর্জাতিক কনফারেন্স, গ্রন্থাগার পেশাজীবীদের মহাসম্মেলন ও সমিতির ১৪তম সাধারণ সভা আয়োজন ও এ উপলক্ষে একটি স্মরণিকা প্রকাশ করায় আমি অত্যন্ত আনন্দিত।

মাননীয় প্রধানমন্ত্রীর বলিষ্ঠ নেতৃত্বে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণের জন্য প্রয়োজন একটি সুশিক্ষিত, প্রগতিশীল ও প্রজ্ঞাসমৃদ্ধ জাতি। এ প্রেক্ষাপটে জনগণের মধ্যে যথাযথভাবে পাঠাভ্যাসে উদ্বুদ্ধ ও অনুপ্রাণিত করার লক্ষ্যে গ্রন্থ ও গ্রন্থাগারের গুরুত্ব অপরিসীম। গ্রন্থাগার সমাজের একটি অপরিহার্য দর্পণ। দেশের প্রায় প্রতিটি শিক্ষা কমিশন রিপোর্টে গ্রন্থাগারকে শিক্ষা প্রতিষ্ঠানের প্রাণ হিসেবে অভিহিত করা হয়েছে।

তথ্য প্রযুক্তির উৎকর্ষতার বৈশ্বিক প্রেক্ষাপটে চতুর্থ শিল্প বিপ্লবের (4IR) চ্যালেঞ্জ মোকাবেলায় গ্রন্থাগারের প্রচলিত ধারণার পরিবর্তন আবশ্যক। ২০৪১ সালে উন্নত রাষ্ট্রে পদার্পণ করতে হলে ডিজিটাল লাইব্রেরি পদ্ধতির প্রবর্তন করতে হবে। একুশ শতকের গ্রন্থাগার এখন আর কেবল জ্ঞানের ভৌত সংগ্রহশালা নয়, বিশ্ব বিস্তৃত ই-জ্ঞান ভান্ডারে প্রবেশের চাবিকাঠিও।

দেশে বিদ্যমান গ্রন্থাগার ব্যবস্থাপনা কিছু কিছু ক্ষেত্রে উন্নত হলেও সামগ্রিকভাবে উন্নত করতে প্রয়োজন সর্বাধুনিক ডিজিটাল প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করা। চতুর্থ শিল্প বিপ্লবের সুফল পেতে হলে গ্রন্থাগার ও পেশাজীবীদের ডিজিটাল প্রযুক্তি ব্যবহারে চৌকষ হতে হবে। চতুর্থ শিল্প বিপ্লব সম্পর্কিত এই কনফারেন্স এক্ষেত্রে অত্যন্ত সময়োপযোগী উদ্যোগ বলে আমি বিশ্বাস করি।

বাংলাদেশ গ্রন্থাগার সমিতি কর্তৃক আয়োজিত আন্তর্জাতিক কনফারেন্স, পেশাজীবীদের মহাসম্মেলন ও সমিতির ১৪তম সাধারণ সভা সার্থক ও সফল হোক এই প্রত্যাশা করি।

হাবিবুর রহমান

Barbara Lison
IFLA President

Biography

Since almost 30 years Barbara has been working as Director of the Public Library system of Bremen, one of the largest public library systems in Germany.

She is an educated librarian with university degrees in Slavonic studies, History and Educational theory.

Besides her duties in Bremen library Barbara has been actively advocating for libraries on national and international levels. She had several offices in different library related associations, having served as President of the German Library Association and President of Bibliothek Information Deutschland, BID, the national umbrella organisation of German library and information associations.

She has also held leadership positions in the European Bureau for Libraries, Archives and Documentation Associations (EBLIDA), including Executive Committee member and Vice-President.

She has been a member of IFLA´s Governing Board, held the position of Treasurer and IFLA President-elect. Her term as IFLA President from August 2021 to August 2023.

She is an expert on any aspect of the management of libraries, especially innovation, HRM, customer orientation and change management.

ড. মোঃ মিজানুর রহমান
সভাপতি
বাংলাদেশ গ্রন্থাগার সমিতি

বাণী

বাংলাদেশ গ্রন্থাগার সমিতি কর্তৃক জাতির জনক **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী** পালন ও বাংলাদেশের **মহান স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ২০২১** উদ্‌যাপন উপলক্ষে **"International Conference on the Role of LIS Professionals in the 4th Industrial Revolution"** শীর্ষক আন্তর্জাতিক কনফারেন্স, গ্রন্থাগার পেশাজীবীদের মহাসম্মেলন ও সমিতির ১৪তম বার্ষিক সাধারণ সভা আয়োজন করতে পেরে আমি আনন্দিত।

গ্রন্থাগার হলো বাতিঘর। গ্রন্থাগারের অভীষ্ঠ লক্ষ্য আলোকিত মানুষ গড়া। আলোকিত মানুষ হতে হলে তাকে জ্ঞান অর্জন করতে হয়, তথ্য-সমৃদ্ধ হতে হয়, মানবিক গুণাবলী সমৃদ্ধ হতে অনুশীলন করতে হয়। এ জ্ঞান ও তথ্যের সন্ধান করতে হলে গ্রন্থপাঠ এর অনুধাবন অপরিহার্য। গ্রন্থ জ্ঞান ও তথ্যের ধারক, গ্রন্থাগার গ্রন্থ এর ধারক। জ্ঞান ও তথ্যের সাথে গ্রন্থাগারের নিবিড় ও অবিচ্ছেদ্য সম্পর্ক রয়েছে। সে জন্য বলা হয়ে থাকে গ্রন্থাগার সমাজ ও সভ্যতার দর্পণ। এ দর্পণ প্রতিনিয়ত শাণিত করার জন্য জ্ঞানের ভান্ডারটিকে সমৃদ্ধ, সংরক্ষণ ও সঞ্চালনার কাজটি করে থাকেন এর ত্রাতা যাকে আমরা পদ পদবিতে বলে থাকি গ্রন্থাগারিক। বাংলাদেশের সমাজ ব্যবস্থায় পেশা হিসেবে গ্রন্থাগারিকতা অত্যন্ত উঁচু মানের ও মর্যাদার পেশা, একথা অনস্বীকার্য।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান একটি সুখী ও সমৃদ্ধ সোনার বাংলাদেশ গড়ার স্বপ্ন দেখেছিলেন। তাঁর এ স্বপ্ন বাস্তবায়নকল্পে বাঙালির হাজার বছরের ইতিহাস, ঐতিহ্য ও সাহিত্য সংস্কৃতির মূল্যবান উপাদান সংরক্ষণের লক্ষ্যে ১৯৭২ সালে তাঁর নির্দেশনায় জাতীয় আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর প্রতিষ্ঠা করা হয়। এ লক্ষ্য ও উদ্দেশ্যকে সামনে রেখে বর্তমান সরকার গ্রন্থাগারমুখী করে আলোকিত মানুষ ও সমাজ বিনির্মাণে নিয়েছে বহুমুখী পদক্ষেপ আর শিক্ষা ব্যবস্থায় এনেছে ব্যপক পরিবর্তন; যা চতুর্থ শিল্প বিপ্লব মোকাবেলায় গ্রন্থাগার ও তথ্য পেশাজীবীদের জন্য বিশেষ প্রয়োজন।

বাংলাদেশের গ্রন্থাগার পেশাজীবীদের জন্য এবারের আয়োজন একটি ভিন্ন মাত্রার ও আনন্দের। দীর্ঘদিন ধরে এদেশের স্কুল-কলেজ-মাদ্রাসায় নিয়োজিত গ্রন্থাগার পেশাজীবীগণ তাদের পদমর্যাদা ও টিচিং স্টাফ এর ব্যাপারে দাবি জানিয়ে আসছিলেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীতে তারা তাদের পদ, পদবী ও বেতন স্কেল পেয়ে আনন্দিত ও উৎফুল্ল। আমরা এদেশের গ্রন্থাগার পেশাজীবীগণ মাননীয় প্রধানমন্ত্রীর গতিশীল নেতৃত্বের প্রতি আস্থাশীল এবং পেশাদারিত্বের স্বাক্ষর রেখে এই বিশাল কর্মী বাহিনী প্রশিক্ষিত হয়ে চতুর্থ শিল্প বিপ্লব মোকাবেলা এবং বিশ্বমানের শিক্ষা প্রদানের সারথী হয়ে থাকতে চাই। আর এর জন্য আমাদের প্রয়োজন যথাযথ প্রশিক্ষণ, অবকাঠামোগত উন্নয়ন এবং প্রযুক্তির সহজলভ্যতা।

আমি বাংলাদেশ গ্রন্থাগার সমিতি কর্তৃক আয়োজিত আন্তর্জাতিক কনফারেন্স, পেশাজীবীদের মহাসম্মেলন ও ১৪তম সাধারণ সভার সার্বিক সাফল্য কামনা করছি।

বাংলাদেশ গ্রন্থাগার সমিতি দীর্ঘজীবী হোক।

ড. মোঃ মিজানুর রহমান

মোহাম্মদ হামিদুর রহমান তুষার
মহাসচিব
বাংলাদেশ গ্রন্থাগার সমিতি

শুভেচ্ছা বক্তব্য

স্বাধীনতার মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী তথা 'মুজিববর্ষ' এবং বাঙালির চির গৌরবোজ্জ্বল, মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ২০২১ উদযাপনের এই আনন্দঘন মুহূর্তে বাংলাদেশের গ্রন্থাগার ও তথ্য পেশাজীবীদের জাতীয় সংগঠন 'বাংলাদেশ গ্রন্থাগার সমিতি' কর্তৃক ১১ ও ১২ ফেব্রুয়ারি ২০২২ "International Conference on the Role of LIS Professionals in the 4th Industrial Revolution" শীর্ষক আন্তর্জাতিক কনফারেন্স, গ্রন্থাগার পেশাজীবীদের মহাসম্মেলন ও সমিতির ১৪তম সাধারণ সভা আয়োজন ও এ উপলক্ষে একটি স্মরণিকা প্রকাশ করার কর্মসূচি গ্রহণ করতে পেরে মহান রাব্বুল আলামিনের নিকট কৃতজ্ঞতা প্রকাশ করছি।

এ আয়োজন যথাযোগ্য মর্যাদায় উদযাপনে গৃহীত নানা কর্মসূচির সফল বাস্তবায়নের মাধ্যমে জনগণ যেমনি গ্রন্থ ও গ্রন্থাগারের তাৎপর্য সম্পর্কে অবহিত হবে- তেমনি দেশের সকল গ্রন্থাগার ও তথ্য পেশাজীবী নতুন উদ্দীপনা ও প্রেরণায় উজ্জীবিত হয়ে উঠবে বলে আমি মনে করি।

সভ্যতার পরিক্রমায় মানুষের চর্চিত চিন্তা-চেতনা, জ্ঞান-বিজ্ঞান, মনন, দর্শন গ্রন্থিত থাকে গ্রন্থের অক্ষরের মধ্যে। তাই গ্রন্থের আধার হিসেবে গ্রন্থাগার হচ্ছে একটি জাতির সঠিক আলোর দিশারী। মানব সভ্যতার সুদীর্ঘ ইতিহাসের শ্রেষ্ঠ অবদান হচ্ছে বই। মানব মনের সকল প্রকার অন্ধত্ব, কুসংস্কার, সংকীর্ণতা, অশিক্ষা-কুশিক্ষা দূর করে তাকে আলোকিত পথে পরিচালনের মাধ্যমে যথাযথ জ্ঞানসমৃদ্ধ জাতি গঠনে বই-এর ভূমিকা অতুলনীয়। তাই বই-এর সংরক্ষণাগার হিসেবে গ্রন্থাগার হচ্ছে একটি জাতির জন্য বাতিঘর স্বরূপ।

মাননীয় প্রধানমন্ত্রীর বলিষ্ঠ নেতৃত্বে বাংলাদেশ আজ এক দৃষ্টান্তমূলক উন্নয়নের রোল মডেল হিসেবে বিশ্ব দরবারে সুখ্যাতি অর্জন করেছে এবং বিশ্ববাসীর দৃষ্টি আকর্ষণ করেছে। উন্নয়নের এ ধারাবাহিকতায় 'রূপকল্প ২০৪১' অর্জনসহ অন্যান্য সকল অভীষ্ট অর্জনের মাধ্যমে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণের জন্য প্রয়োজন একটি সুশিক্ষিত, প্রগতিশীল ও প্রজ্ঞাসমৃদ্ধ জাতি। এ প্রেক্ষাপটে দেশের গ্রন্থগার ও তথ্য পেশাজীবীরা গুরুত্বপূর্ণ ভূমিকা, জনগণের মধ্যে যথার্থভাবে পাঠাভ্যাস গড়ে তোলা এবং তাদেরকে পাঠাভ্যাসে উদ্বুদ্ধ ও অনুপ্রাণিত করবে বলে আমি বিশ্বাস করি।

বাংলাদেশ গ্রন্থাগার সমিতির এ আয়োজনে যারা আমাকে কর্ম প্রেরণা, উৎসাহ এবং বিজ্ঞাপন দিয়ে সহযোগিতা করেছেন তাদের কাছে আমি আন্তরিকভাবে কৃতজ্ঞ। নান্দনিক এ আয়োজনকে সফল, সার্থক ও ফলপ্রসু করার জন্য সংশ্লিষ্ট সবাইকে আন্তরিক ধন্যবাদ ও বিনম্র কৃতজ্ঞতা প্রকাশ করছি।

বাংলাদেশ গ্রন্থাগার সমিতি চিরজীবী হোক।

মোহাম্মদ হামিদুর রহমান তুষার

মোহাম্মদ সাখাওয়াত হোসেন ভূঁইয়া
কোষাধ্যক্ষ
বাংলাদেশ গ্রন্থাগার সমিতি

কোষাধ্যক্ষের কথা

বাংলাদেশ গ্রন্থাগার সমিতি (ল্যাব) কর্তৃক আয়োজিত "International Conference on the Role of LIS Professionals in the 4th Industrial Revolution" শীর্ষক আন্তর্জাতিক কনফারেন্স, গ্রন্থাগার পেশাজীবীদের মহাসম্মেলন ও সমিতিরি ১৪তম সাধারণ সভা আয়োজন করতে যাচ্ছে জেনে আমি সত্যিই আনন্দিত। করোনাকালীন মহামারির মধ্যে এমন একটি আয়োজন করার কারণে আমি বাংলাদেশ গ্রন্থাগার সমিতি এর কার্যনির্বাহী কমিটিকে ধন্যবাদ জানাচ্ছি পাশাপাশি এই আয়োজনকে সফল করার জন্য ল্যাব এর সকল সাধারণ সদস্যদের প্রতি আমি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করছি। আমাদের আর্থিক সীমাবদ্ধতা রয়েছে, তার মধ্যেই আমাদের সাধ্যমত আমরা আমাদের সাধারণ সদস্যদের ভাগ্য উন্নয়নের চেষ্ঠা করে যাচ্ছি। অনুষ্ঠানের জন্য যেসব প্রতিষ্ঠান বিজ্ঞাপন দিয়ে আর্থিকভাবে সাহায্য ও সহযোগিতা করেছেন সেসব প্রতিষ্ঠানের প্রতি আমি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করছি। পাশাপাশি যারা ব্যক্তিগতভাবে আর্থিক সাহায্য ও সহযোগিতা করেছেন তাদের প্রতিও আমি বিনম্র কৃতজ্ঞতা প্রকাশ করছি। বাংলাদেশ গ্রন্থাগার সমিতির যাবতীয় আয় ব্যয় সংক্রান্ত হিসাব,সকল খরচ ভাউচার, ব্যাংক বিবরণী ঢাকায় প্রতিষ্ঠিত অডিট ফার্ম রাজ্জাক এন্ড কোং এর মাধ্যমে নিরীক্ষা করা হয়েছে।

বাংলাদেশ গ্রন্থাগার সমিতির এ আয়োজনে যারা আমাদের কর্ম প্রেরণা, উৎসাহ দিয়ে সহযোগিতা করেছেন তাদের কাছে আমি আন্তরিকভাবে কৃতজ্ঞ। নান্দনিক এ আয়োজনকে সফল, সার্থক ও ফলপ্রসু করার জন্য সংশ্লিষ্ট সবাইকে আন্তরিক ধন্যবাদ ও বিনম্র কৃতজ্ঞতা প্রকাশ করছি। পরিশেষে সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে এখানেই শেষ করছি।

বাংলাদেশ গ্রন্থাগার সমিতি চিরজীবী হোক।

আল্লাহ হাফেজ।

মোহাম্মদ সাখাওয়াত হোসেন ভূঁইয়া

অধ্যাপক ড. এম. নাসিরউদ্দিন মুন্সী
আহ্বায়ক
আয়োজক কমিটি
আন্তর্জাতিক কনফারেন্স ও ১৪তম সাধারণ সভা
বাংলাদেশ গ্রন্থাগার সমিতি

বাণী

স্বাধীন বাংলাদেশের স্থপতি, ইতিহাসের মহানায়ক ও সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী 'মুজিববর্ষ' এবং একই সাথে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ২০২১ উদ্‌যাপনের মাহেন্দ্রক্ষণে বাংলাদেশের গ্রন্থাগার ও তথ্য পেশাজীবীদের সুদীর্ঘ ৬৬ বছরের ঐতিহ্যবাহী জাতীয় সংগঠন "বাংলাদেশ গ্রন্থাগার সমিতি" কর্তৃক ১১ ও ১২ ফেব্রুয়ারি ২০২২ তারিখে আয়োজিত "International Conference on the Role of LIS Professionals in the 4th Industrial Revolution" শীর্ষক আন্তর্জাতিক কনফারেন্স, গ্রন্থাগার পেশাজীবীদের মহাসম্মেলন ও সমিতির ১৪তম সাধারণ সভা উপলক্ষ্যে LAB4IR শিরোনামে একটি স্মরণিকা প্রকাশ করার এক মহতি উদ্যোগ গ্রহণ করতে পেরে আমরা মহান আল্লাহর নিকট অশেষ কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। বর্ণাঢ্য এ আয়োজনে অংশগ্রহণকারী মন্ত্রী মহোদয়গণ, দেশি-বিদেশি অতিথিবর্গ, গ্রন্থাগার ও তথ্য পেশাজীবী, আমন্ত্রিত অতিথিবৃন্দ, গণমাধ্যম ব্যক্তিত্বসহ সকলকে জানাই আমার শ্রদ্ধা, অভিনন্দন, শুভেচ্ছা ও সুস্বাগতম। আশা করি সকলেই এ আয়োজনটি আনন্দঘন পরিবেশে উপভোগ করবেন।

বর্ণিল এ আয়োজনের অন্যতম দিক আন্তর্জাতিক কনফারেন্স। এটি অত্যন্ত যুগোপযোগী একটি বিষয় যা চতুর্থ শিল্প বিপ্লবে গ্রন্থাগার ও তথ্য পেশাজীবীদের ভূমিকা নিয়ে অনুষ্ঠিত হচ্ছে। এটি গ্রন্থাগার ও তথ্য পেশাজীবীদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় যা থেকে যোগ্যতা ও দক্ষতার ভিত্তিতে ভবিষ্যত প্রজন্ম তৈরি হবার পাশাপাশি তাঁদের ভূমিকা এবং করণীয় শীর্ষক সুস্পষ্ট দিক-নির্দেশনা থাকবে। বিশেষভাবে লক্ষণীয় যে, প্রতিটি গ্রন্থাগারই প্রযুক্তির ছোঁয়ায় আধুনিক গ্রন্থাগার হিসেবে প্রতিষ্ঠা লাভ করেছে। তাই গ্রন্থাগারসমূহকে চতুর্থ শিল্প বিপ্লবের (4IR) অবিচ্ছেদ্য অনুষঙ্গ আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স, ইন্টারনেট অব থিংকস, ইন্টারনেট অব সিস্টেমসহ অন্যান্য অত্যাবশ্যক দিক নিয়ে এগিয়ে যেতে হবে। যদিও, বাংলাদেশের গ্রন্থাগারসমূহ ইতোমধ্যেই ডাটা সায়েন্স, বিবলিওমেট্রিকস, অনলাইন পাবলিক এক্সেস ক্যাটালগ, মেশিন রিডেবল ক্যাটালগ, ডাটা এনালাইসিস ইত্যাদি গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে এগিয়ে যাচ্ছে।

আন্তর্জাতিক কনফারেন্স-এ "Role of LIS Professionals in the 4th Industrial Revolution" শিরোনামে উপস্থাপিত প্রবন্ধসমূহের পর্যালোচনা থেকে দেশের সকল স্তরের গ্রন্থাগার ও তথ্য পেশাজীবীরা জ্ঞান, বিজ্ঞান ও প্রযুক্তির সমন্বয়ে চতুর্থ শিল্প বিপ্লবের সাথে একই গতিতে তাঁদের পেশার ক্রমবিকাশ ঘটাতে আরো সক্ষম হবে বলে আমি একান্তভাবে বিশ্বাস করি। পাশাপাশি গ্রন্থাগার ও তথ্য পেশাজীবীদের আনন্দঘন এ মহামিলন মেলায় আগতদের অফুরন্ত ধন্যবাদ জানাচ্ছি।

বিশ্ব মহামারির এ ক্রান্তিকালে বর্ণাঢ্য এ আয়োজনে অংশগ্রহণ করায় সকলকে বিশেষ কৃতজ্ঞতা জানিয়ে এবং আয়োজিত অনুষ্ঠানের সার্বিক সাফল্য কামনা করে শেষ করছি। বাংলাদেশ গ্রন্থাগার সমিতি দীর্ঘজীবী হোক। বাংলাদেশ চিরজীবী হোক। আল্লাহ হাফেজ।

অধ্যাপক ড. এম. নাসিরউদ্দিন মুন্সী

কাজী আব্দুল মাজেদ
যুগ্ম-আহ্বায়ক, আয়োজক কমিটি
আন্তর্জাতিক কনফারেন্স ও ১৪তম সাধারণ সভা
সহসভাপতি
বাংলাদেশ গ্রন্থাগার সমিতি

বাণী

বিশ্বব্যাপী চলমান করোনা মহামারী পরিস্থিতির মধ্যেও দেশে গ্রন্থাগার পেশাজীবীদের জাতীয় সংগঠন বাংলাদেশ গ্রন্থাগার সমিতি কর্তৃক জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী পালন ও বাংলাদেশের মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ২০২১ উদ্‌যাপন উপলক্ষে আগামী ১১ ও ১২ ফেব্রুয়ারি ২০২২ "International Conference on the Role of LIS Professionals in the 4th Industrial Revolution" শীর্ষক আন্তর্জাতিক কনফারেন্স, গ্রন্থাগার পেশাজীবীদের মহাসম্মেলন ও সমিতির ১৪তম বার্ষিক সাধারণ সভা আয়োজন ও এ উপলক্ষে একটি স্মরণিকা প্রকাশ করার কর্মসূচি গ্রহণ করতে পেরে আমরা আনন্দিত।

আমরা সর্বদাই দেশের গ্রন্থাগার ও তথ্যব্যবস্থাকে দেশ ও জাতির উন্নয়নের একটা প্রধান অনুষঙ্গ হিসেবে বিবেচনা করে আসছি এবং সে অনুযায়ী দেশের সকল ইতিবাচক কর্মসূচিতে ভূমিকা রেখে আসছি। গত ডিসেম্বর ২০২০ এ অনুষ্ঠিত নির্বাচনের মাধ্যমে ২০২১-২০২৩ মেয়াদের জন্য গঠিত সমিতির নির্বাচিত কাউন্সিল করোনা পরিস্থিতির মধ্যেও হাত গুটিয়ে বসে নেই। এ পেশার শিক্ষক, ক্যাডার সার্ভিসের সদস্যবৃন্দসহ সকল শ্রেণির পেশাজীবীদের সাথে অনলাইনে মত বিনিময় সভা আয়োজন, দেশের মাননীয় মন্ত্রী ও নীতিনির্ধারকদের অংশগ্রহণে বিভিন্ন অনুষ্ঠান আয়োজন, পেশাজীবীদের সমস্যা নিরসনে কর্তৃপক্ষ বরাবর প্রয়োজনীয় প্রস্তাব/সুপারিশ প্রেরণ ইত্যাদি কর্মকাণ্ডের মাধ্যমে সমিতি তার ইতিবাচক ভূমিকা পালন করে চলেছে। এরই ধারাবাহিকতায় আগামী ১১ ও ১২ ফেব্রুয়ারি ২০২২ "International Conference on the Role of LIS Professionals in the 4th Industrial Revolution" শীর্ষক আন্তর্জাতিক কনফারেন্স, গ্রন্থাগার পেশাজীবীদের মহাসম্মেলন ও সমিতির ১৪তম বার্ষিক সাধারণ সভা আয়োজন করা হয়েছে। আমরা আশা করছি আন্তর্জাতিক কনফারেন্স ও গ্রন্থাগার পেশাজীবীদের মহাসম্মেলন থেকে মূল্যবান দিক নির্দেশনা ও সুপারিশমালা বেরিয়ে আসবে। সেগুলো দেশের চতুর্থ শিল্প বিপ্লবে প্রয়োজনীয় কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি।

এ প্রেক্ষাপটে সমিতি কর্তৃক আয়োজিত সকল কর্মসূচি সফলভাবে বাস্তবায়িত হবে এ আশাবাদ ব্যক্ত করে এ সকল কর্মসূচি আয়োজনের সাথে সংশ্লিষ্ট সমিতির সকল সদস্য ও পেশাজীবীদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করছি। পাশাপাশি মহান সৃষ্টিকর্তার কাছে আয়োজিত সকল কর্মসূচির সার্বিক সাফল্য কামনা করছি।

খোদা হাফেজ
বাংলাদেশ চিরজীবী হউক

কাজী আব্দুল মাজেদ

Dr. Dilara Begum
Chairperson & Associate Professor
Department of Information Studies and Library Management
East West University, Dhaka, Bangladesh
Professional Council Chair, Division C, IFLA
Convener, LABiCon2022

Convener Message

It is my privilege and honor to welcome you all to the International Conference on the Role of LIS Professionals in the 4th Industrial Revolution on 11-12 February 2022 at the Institution of Engineers, Bangladesh (IEB), Ramna, Dhaka, Bangladesh.

The conference is an effective platform to meet fellow and key decision makers in academia, practitioners as well as other stakeholders. It is a way to share and enhance the knowledge of each and every individual in this fast-moving tech-savvy era.

With the usage of innovative technologies and trends like robotics, virtual reality, artificial intelligence, and the Internet of Things, the fourth industrial revolution is transforming the day-to-day activities in every sphere of our lives. Libraries as well as Library and Information Science (LIS) professionals have been affected by these transformative shifts. Libraries are always in the forefront in the adoption and use of new technologies. Therefore, I strongly believe that this conference has given a good opportunity for those who have a thirst for knowing about contemporary technological developments and also are also keen to share their ideas with national and international participants. Furthermore, the conference will help bridge the researchers working in academia and other sectors through research presentations and keynote addresses. It reflects the transforming roles and responsibilities of LIS professionals in the fourth industry revolution. Participants will also get ample opportunities to widen global network through this conference.

I would like to thank the conference committee for extending their valuable time in organizing the program and all the speakers, authors, reviewers, and other contributors for their sparkling efforts in the excellence of LABiCon2022.

I wish you all an enriching, engaging and productive conference!

Dr. Dilara Begum

মুহাঃ মহিউদ্দিন হাওলাদার
সদস্য সচিব
আয়োজক কমিটি
আন্তর্জাতিক কনফারেন্স ও ১৪তম সাধারণ সভা
বাংলাদেশ গ্রন্থাগার সমিতি

সদস্য সচিবের কথা

আমরা সদ্যই অতিক্রম করে আসলাম জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষ এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী। এ দুটো জাতীয় অনুষ্ঠানকে সামনে রেখে প্রতিটি পেশার প্রতিটি বাঙালিই অঙ্গিকার করেছে বাংলাদেশকে উন্নয়নশীল দেশে রুপান্তর করার। বাংলাদেশের অন্যতম প্রাচীন পেশাজীবি সংগঠন বাংলাদেশ গ্রন্থাগার সমিতির অঙ্গিকারও ছিল তাই। দেশের অন্যতম সফল এই পেশাজীবি সমিতিটি এ বছর ৬৫ অতিক্রম করে পদার্পণ করবে ৬৬ বছরে। ৫ ফেব্রুয়ারি জাতীয় গ্রন্থাগার দিবস। দিবসটিকে উদ্‌যাপনের ধারাবাহিকতায় আমাদের এবারের আয়োজন জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী পালন এবং বাংলাদেশের মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন ও "International Conference on the Role of LIS Professionals in the 4th Industrial Revolution শীর্ষক আন্তর্জাতিক কনফারেন্স।

চতুর্থ শিল্পবিপ্লব আমাদের জন্য নতুন একটি ধারণা হলেও আমরা এ বিষয়টির সঙ্গে কমবেশি পরিচিত। গত ১৩ বছর ধরে "ডিজিটাল বাংলাদেশ" বাস্তবায়নের ফলে সারাদেশে প্রতিটি খাতের পাশাপাশি মানুষের দৈনন্দিন জীবনে আইসিটি প্রভাব ফেলেছে। "ইউনিয়ন আইসিটি বা ডিজিটাল সেন্টার" তার একটি প্রকৃত উদাহরণ। চতুর্থ এ যুগের জন্য এমন সব প্রযুক্তির কথা উল্লেখ করা হয়েছে যেগুলো হার্ডওয়্যার, সফটওয়্যার এবং বায়োলজিকে (সাইবার-ফিজিক্যালসিস্টেমস) একত্রিত করেছে এবং পারস্পারিক সংযোগ স্থাপনের অগ্রগতির কথা বলা হয়েছে। নয়া এই বিপ্লবের সঙ্গে সব চাইতে দ্রুত যে প্রযুক্তিটি সম্প্রসারিত হবে তাহলো তথ্যপ্রযুক্তি ও কৃত্রিম বুদ্ধিমত্তা। এর প্রভাব স্কুল পর্যায়ের গ্রন্থাগার পেশাজীবী থেকে শুরু করে বিশ্ববিদ্যালয়সহ উচ্চ পর্যায়ের দেশি বিদেশি প্রতিষ্ঠানের গ্রন্থাগার পেশাজীবীদের মধ্যে প্রযুক্তিগত ব্যাপক শূণ্যতা দেখা দিয়েছে। এ শূণ্যতা দূর করাই আজ আমাদের জন্য বিশাল চ্যালেঞ্জ। এ চ্যালেঞ্জে টিকে থাকতে হলে সকল শ্রেণীর গ্রন্থাগার পেশাজীবিদের তথ্য প্রযুক্তি ও কৃত্রিম বুদ্ধিমত্তার সঙ্গে লড়াই করে যেতে হবে। এ লড়াইয়ে সাফল্য অর্জন করতে না পারলে অদক্ষরা হারাবে তাদের কর্মক্ষেত্র অপরদিকে দক্ষরা আরও উন্নত ধাপে এগিয়ে যাবে।

কোভিড-১৯ এর প্রভাবে সারাবিশ্ব যখন নাজুক অবস্থায় রয়েছে সে সময়ে বাংলাদেশ গ্রন্থাগার সমিতি খুব স্বল্প সময়ে বিশ্বের অর্ধশতাধিক দেশের গ্রন্থাগার ও তথ্যপেশাজীবিদের নিয়ে এ ধরনের একটি আন্তর্জাতিক কনফারেন্স, গ্রন্থাগার পেশাজীবীদের মহাসম্মেলন ও ল্যাব এর ১৪তম বার্ষিক সাধারণ সভার আয়োজন করতে পারায় বাংলাদেশ গ্রন্থাগার সমিতির প্রতিটি সদস্যকে জানাই আন্তরিক ধন্যবাদ।

পরিশেষে সম্পূর্ণ আয়োজনের সাফল্য কামনা করছি।

মুহাঃ মহিউদ্দিন হাওলাদার

মো. নোমান হোসেন
সদস্য সচিব, LABiCon2022
এবং
গবেষণা ও প্রকাশনা সম্পাদক
বাংলাদেশ গ্রন্থাগার সমিতি

সদস্য সচিবের কথা

